



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বর- ১১৯/২০২৩

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪৩০
২৮ নভেম্বর ২০২৩

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত জনতা ব্যাংক পিএলসি এ ২০২০ সাল ভিত্তিক 'অফিসার(আরসি)' পদে
নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের সময়সূচি ও পরীক্ষা কেন্দ্রের তালিকা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় কর্তৃক প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৮৮/২০২১, তারিখঃ ২২/১২/২০২১ মোতাবেক জনতা ব্যাংক পিএলসি এ ২০২০ সাল ভিত্তিক 'অফিসার(আরসি)' এর ৩১২টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে MCQ Test এ যোগ্য বিবেচিত ৩,৮১৩ জন প্রার্থীর ২ ঘণ্টা ব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা আগামী ০৯/১২/২০২৩ তারিখ শনিবার সকাল ১০:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত কেন্দ্রে অনুষ্ঠিত হবেঃ

কেন্দ্রের নাম	ঠিকানা	পরীক্ষার্থীর রোল নম্বর	মোট পরীক্ষার্থীর সংখ্যা
মডেল একাডেমি	পাইকপাড়া, গভঃ(ডি-টাইপ) কলোনি, মিরপুর-১, ঢাকা।	৭০০০০৪-৭৪৩৫৯৮	১,৯৫০ জন
ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুল	ধানমন্ডি, ঢাকা।	৭৪৩৬২৭-৭৮৬২৩৮	১,৮৬৩ জন

- লিখিত পরীক্ষার জন্য পৃথক কোনো প্রবেশ পত্র ইস্যু করা হবে না। MCQ Test এর প্রবেশপত্র লিখিত পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ এবং চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ১ ঘণ্টা পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরুর পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। এক্ষেত্রে কোনো অজুহাতেই বিলম্বে উপস্থিতি গ্রহণযোগ্য হবে না।
- প্রবেশপত্র (০১ কপি) ব্যতীত কোনো ধরনের কাগজ, বই, মানিব্যাগ, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ইলেক্ট্রনিক কার্ড (স্মার্ট কার্ড, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা অনুরূপ অন্য কোন কার্ড), ডিজিটাল/স্মার্ট ওয়াচ বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করা যাবে না। উল্লিখিত কোনো কিছু পরীক্ষা চলাকালীন পাওয়া গেলে কিংবা অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে পরীক্ষা বাতিল করা হবে। প্রবেশপত্রে কোনোরূপ খসড়া বা কোনো কিছু লেখা যাবে না।
- পরীক্ষার সময় পরীক্ষার্থীদের মুখমন্ডল ও উভয়কান দৃশ্যমান রাখতে হবে।
- মাস্ক পরিধান ব্যতিরেকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না এবং কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- এ বিষয়ে যেকোন প্রয়োজনে প্রার্থীদের info.bscs@bb.org.bd ইমেইলে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত/=

(মোঃ সাঈদুর রহমান খান)
পরিচালক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি